

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পানি সম্পদ মন্ত্রণালয়  
আইসিটি শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গত ২৯-০৩-২০১৭ তারিখে বেলা ১২.০০ ঘটিকায় যুগ্ম সচিব (প্রশাসন) এর সভাপতিত্বে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে পাসম ও এর অধীনস্থ সংস্থাসমূহের ইনোভেশন টিমের সদস্য এবং আইসিটি কর্মকর্তাদের সমন্বয়ে অনুষ্ঠিত ইনোভেশন ও আইসিটি সমন্বয় সভার কার্যবিবরণী।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা সংযুক্তিতে দেখানো হলো।

উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি উপস্থিত সকলকে ইনোভেশন টিমের কার্যপরিধি সম্পর্কে অবহিত করেন। সভায় আইসিটি নীতিমালা-২০১৫ এ বাস্তবায়ন অগ্রগতি, ইনোভেশন কার্যক্রম, আইসিটি জনবল, অনলাইন রিকোর্টমেন্ট সিস্টেম, সেবা সহজীকরণ ইত্যাদি বিষয়ে আলোচনা হয়। ইনোভেটিভ ধারণাগুলোতে যাতে নতুনত্ব, কার্যকারিতা, তাৎপর্যময়তা এবং বাস্তবায়নযোগ্যতার প্রতিফলন এবং মন্ত্রণালয় ও সংস্থাসমূহের good practice সমূহের নিয়মিত চর্চার বিষয়ে আলোচনা করা হয়।

২। সভায় পাসম এর প্রোগ্রামার আইসিটি নীতিমালা-২০১৫ ছাড়াও ই-সার্ভিস, ইউনিকোড ব্যবহার ইত্যাদি বিষয়ে এবং পাসম এর সিস্টেম এনালিস্ট পাসম এর অধীনস্থ সংস্থাসমূহে ভিডিও কনফারেন্স সিস্টেম সংযোজনের বিষয়ে উপস্থাপন করেন।

৩। সিদ্ধান্তসমূহঃ

ক্রঃ নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী/ বাস্তবায়ন অগ্রগতি
১১	পাসম ও বাপাউবো এ ভিডিও কনফারেন্স সিস্টেম চালু রয়েছে। পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের মৌখিক নির্দেশ এবং এ মন্ত্রণালয়ে ২৮/০৩/২০১৭ ইং তারিখে অনুষ্ঠিতব্য মাসিক সভায় সিদ্ধান্তের পেক্ষিতে অন্য সংস্থাগুলো অতি দ্রুত বিসিসি এর সাথে যোগাযোগ করে ভিডিও কনফারেন্স সিস্টেম আগামী ০৭ (সাত) দিনের মধ্যে সংযোজন করার ব্যবস্থা গ্রহণ করবে। এ ব্যাপারে প্রয়োজনে পাসম এর আইসিটি শাখায় যোগাযোগ করা যেতে পারে।	বাহাজউঅ, ওয়ারপো, নগই, জেআরসি
০১	আগামী সভায় আইসিটি নীতিমালা ২০১৫ এর উপর বিস্তারিত আলোচনা করা হবে। প্রতিবেদনে বাস্তবায়ন অগ্রগতি সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। বাস্তবায়নে সমস্যা পরিলক্ষিত হলে তা মন্তব্য কলামে লিখতে হবে।	নিয়মিত প্রেরণ করা হয়
০২	আইসিটি নীতিমালা ২০১৫ এর ভিত্তিতে বাপাউবো সকল বিল অনলাইনে পেমেন্ট করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	বাপাউবো বাস্তবায়নের ব্যবস্থা করবে।
০৩	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড প্রতিটি জোনে ইনোভেশন টিম ও সকল কর্মকর্তাগণের সমন্বয়ে ১টি করে সেমিনার / কর্মশালার আয়োজন করবে (বাজেটে বরাদ্দ পাওয়া সাপেক্ষে)।	বাপাউবো ব্যবস্থা গ্রহণ করবে।
০৪	দাপ্তরিক কাজ সহজীকরণ করার লক্ষ্যে বিভিন্ন ধরনের ইনোভেটিভ আইডিয়া প্রতি মাসে প্রেরণ করতে হবে এবং ইনোভেশন ফান্ডের জন্য এটুআই প্রকল্পের ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে পারবে।	অগ্রগতি প্রতিবেদন পাওয়া যায়নি। এ ব্যাপারে আরও সচেষ্ট থাকার জন্য সভায়

		আহবান জানানো হয়।
০৫	দাপ্তরিক কাজে ইউনিকোড ব্যবহার নিশ্চিত করতে হবে। এ ব্যাপারে মাঠ পর্যায়ে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। প্রতি সংস্থা হতে ০১ জন কর্মকর্তা ও ০২ জন ডিইও কে নিয়ে মন্ত্রণালয় ইউনিকোডের উপর ০১ দিনের প্রশিক্ষণের আয়োজন করবে।	প্রশিক্ষণ পরিদপ্তর, বাপাউবো ও পাসম।
০৬	মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহে সেবা পদ্ধতি সহজীকরণ, নাগরিক সেবায় উদ্ভাবন এবং কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বিষয়ক বিষয়াদি অন্তর্ভুক্ত করে বিদ্যমান কোর্স কারিকুলাম হালনাগাদকরণ এবং প্রয়োজনবোধে নতুন নতুন সংক্ষিপ্ত কোর্স প্রণয়ন নিশ্চিত করতে হবে।	সকল সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে
০৭	বাপাউবো অনলাইন রিকোর্টমেন্টের যে সফটওয়্যারটি ডেভেলপ করেছে সেখানে পাসম এর জন্য একটি মডিউল রাখা যেতে পারে।	পাসম এর আইসিটি শাখার সাথে যোগাযোগ অব্যাহত রেখে বাপাইবো ব্যবস্থা গ্রহণ করবে।
০৮	সকল সংস্থা Online Attendance System প্রবর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	বাপাইবো কয়েকটি জোনে সম্পন্ন করেছে, অন্যান্য সংস্থা দ্রুত পদক্ষেপ গ্রহণ করবে।
০৯	ইনোভেশন টিমের সদস্যগণের হালনাগাদ তথ্য ওয়েবসাইটে সংযুক্ত এবং মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	সকল সংস্থা।
১০	নাগরিক সেবার তালিকা থেকে একটি করে সেবা সহজীকরণ করতে হবে এবং একটি করে অনলাইন সেবা চালু করতে হবে।	সকল সংস্থা
১২	বাপাউবো এর প্রকল্পের KPI মনিটরিং এর নিমিত্তে MIS সফটওয়্যার উন্নয়নের বিষয়ে পাসম এর বাজেট উইং কে বাপাউবো এর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা যেতে পারে।	পাসম, বাপাউবো
১৩	মন্ত্রণালয়ের ওয়েবসাইট আরও সমৃদ্ধ করা বিষয়ে উপসচিব (বাজেট) মতামত ব্যক্ত করেন। এ বিষয়ে পাসম এর সকল উইং কে মতামত ও তথ্য প্রদানের জন্য পত্র দিতে হবে।	পাসম

৪। অন্য কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ খালিলুর রহমান)

যুগ্মসচিব

ও

চীফ ইনোভেশন অফিসার